গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২০- ১৮-৭(১৩৩)/৮(৫৩) তারিখঃ- ১৬/০২/২০২০ খ্রিঃ।

## নোটিশ

### জলমহালের ইজারা বিজ্ঞপ্তি

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে ঝিনাইদহ সদর উপজেলায় নিম্ন বর্ণিত জলমহালসমূহ বাংলা ১৪২৭ সন হতে ১৪২৯ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত মৎস্যজীবি সংগঠন এর নিকট হতে নিম্মোক্ত কর্মসূচী ও শর্ত মোতাবেক সীলমোহরকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং উপজেলা যুব উন্নয়ন অফিস, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ হতে আবেদন পত্র ক্রয় ও দাখিল করা যাবে।

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | সরকারী ইজারা মূল্য (১বছরের জন্য) | আবেদন ফরমের মূল্য | আবেদনপত্র ক্রয়ের তারিখ ও সময় | আবেদনপত্র দাখিলের তারিখ ও সময় | আবেদনপত্র খোলার তারিখ,সময় ও স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ |
| ০১ | | হাটখোলা পুকুর | ১০,৭১০/- | ৫০০/- | (১ম বার) ২৬/০২/২০ খ্রিঃ তারিখ হতে ১৫/০৩/২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলা কালীন সময়ে। | (১ম বার) ১৬/০৩/২০ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | (১ম বার) ১৬/০৩/২০ খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ। | আবেদনপত্র দাখিল কারীগণ ইচ্ছা করলে আবেদনপত্রের বাক্স খোলার সময় উপস্থিত থাকতে পারবেন। |
| ০২ | | কুর্শি বিল | ১৫,৭৫০/- | ৫০০/- | | | | |
| ০৩ | | মহামায়া পুকুর | ২১,০৪২/- | ৫০০/- | | | | |
| ০৪ | | সুরাট পুকুর | ২,৪৬৮/- | ৫০০/- | | | | |
| ০৫ | | দক্ষিন শিকারপুর পুকুর | ২,৩১০/- | ৫০০/- | | | | |
| ০৬ | | কানা পুকুর | ১১,৬৭৬/- | ৫০০/- | | | | |
| ০৭ | | চন্ডিপুর পুকুর | ১৮,৯০০/- | ৫০০/- | | | | |
| ০৮ | | মামুনশিয়া পুকুর | ২১,৫২৫/- | ৫০০/- | | | | |
| ০৯ | | চোলকোল খাল | ৫,২৫০/- | ৫০০/- | (২য় বার) ১৮/০৩/২০ খ্রিঃ তারিখ হতে ০৫/০৪/২০ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলা কালীন সময়ে। | (২য় বার) ০৬/০৪/২০ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | (২য় বার) ০৬/০৪/২০ খ্রিঃ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ। | আবেদনপত্র দাখিল কারীগণ ইচ্ছা করলে আবেদনপত্রের বাক্স খোলার সময় উপস্থিত থাকতে পারবেন। |

উল্লেখ্য শর্তাবলী উপজেলা ভূমি অফিস, ঝিনাইদহ সদর অফিস হতে প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

শর্তাবলী

১। আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যালয় হতে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) তারিখ ও সময়ে ক্রয় করা যাবে। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারা মুল্য বকেয়া থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনপত্রটি দাখিলের সময় আবেদনপত্রে উদ্বৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহের অনুকুলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযোজিত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবি সমবায় সমিতি হলে সমিতির নিবন্ধন পত্রে সত্যায়িত কপি সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র (আবেদনপত্রে উলেখিত) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। বৈধ মৎস্যজীবি সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা বা উপজেলা সমবায় অফিসারের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে। আবেদন অসম্পুর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৩। ইজারার মেয়াদ কাল বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১৪২৯ বাংলা সন পর্যন্ত কার্যকর হবে এবং চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল দেয়া যাবে না।

৪। আবেদনপত্র অনুমোদন প্রাপ্তির বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারার মেয়াদ কাল বর্ধনের আবেদন গ্রহনযোগ্য হবে না। বছরের যে কোন সময় টেন্ডার আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ ১৪২৭ বাংলা সন হতেই কার্যকর বলে গণ্য হবে।

৫। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী গৃহীত হওয়া সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারা মূল্য এবং উক্ত ইজারা মুল্যের উপর সরকার কর্তৃক জারীকৃত বিধি মোতাবেক ৫% আয়কর ও ১৫% ভ্যাট/মুল্য সংযোজন কর ০৭ (সাত) দিনের মধ্যে ট্রেজারীতে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমুহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল সহ জমাকৃত জামানত সরকারের অনুকুলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৭। আবেদনপত্র সমূহ কেবল মাত্র ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত কার্যালয়ে রক্ষিত আবেদনপত্র বাক্সে দাখিল করা যাবে।

৮। আবেদন পত্র গ্রহনের সময় উপজেলা নির্বাহী অফিসার বরাবর ৫০০/- টাকা সিডি দাখিল করতে হবে এবং আবেদনপত্র দাখিলের সময় উক্ত সিডির ফটোকপি আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনপত্রসমূহ বিবেচনার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সর্বশেষ জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরন করা হবে।

৯। যে সকল আবেদনপত্র গৃহীত হবে না সে সকল আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত জামানত আবেদনের প্রেক্ষিতে উপজেলা জলমাহল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহণের পর ফেরৎ দেয়া হবে।

১০। প্রতিটি আবেদনপত্রের খামের উপরে জলমহালের নাম ও মৎস্যজীবী সমবায় সমিতির নাম ঠিকানা স্পষ্ঠ অক্ষরে উলেখ করতে হবে। আবেদনের সাথে সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী এই মর্মে প্রত্যয়নপত্র, গঠনতন্ত্র, অডিট রিপোর্ট, রেজিস্ট্রেশন প্রত্যয়ন, ০৩ বছরের প্রকল্প, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা ও সভাপতি/সম্পাদকের ছবি সংযুক্ত করতে হবে।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সঙ্গে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মুল্যের সঙ্গে সমন্বয় করা হবে। ২৫০/- (দুই শত পঞ্চাশ) টাকার নন-জুডিয়াল ষ্টাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ইজারাদার কোন অবস্থাতেই জলমহাল বা এর অংশ বিশেষ সাব-লীজ প্রদান করতে পারবেন না। জলমহালের বর্তমান আয়তন এবং দখলনামায় উলেখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি তুলতে পারবেন না।

১২। জলমহালের ইজারার বিষয়ে তীরবর্তী/নিকটবর্তী মৎসজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে।

১৩। জলমহাল ব্যবস্থা নীতিমালা ২০০৯ অনুসারে কোন মৎস্যজীবি সমবায় সমিতি ২টির বেশী জলমহাল ইজারা গ্রহণ করতে পারবে না।

(মোঃ বদরুদ্দোজা শুভ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২০-১৫৯(১০০)/১(৫০) তারিখঃ- ১৬/০২/২০২০খ্রিঃ।

অনুলিপি প্রেরণঃ
সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর।
৪। মেয়র, ঝিনাইদহ পৌরসভা।
৫। উপজেলা ---------------------------- কর্মকর্তা, ঝিনাইদহ সদর।
৬। সাব-রেজিষ্টার, ঝিনাইদহ সদর।
৭। চেয়ারম্যান--------------------------(সকল) ইউনিয়ন পরিষদ। সদর উপজেলা।
৮। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা-----------------------(সকল) ইউনিয়ন ভুমি অফিস, ঝিনাইদহ সদর।
৯। সভাপতি/সম্পাদক মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ঝিনাইদহ।
১০। নোটিশ বোর্ড।